গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

এবং

সচিব, কৃষি মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০১৬ – জুন ৩০, ২০১৭

# সূচীপত্র

কর্মসম্পাদনের সার্বিক চিত্র..........৩

উপক্রমণিকা..........৪

সেকশন -১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী..........৫

সেকশন-২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)..........৬

সেকশন-৩ : কৌশলগত উদ্দেশ্য ,অগ্রাধিকার,কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ..........৭-৯

সংযোজনী-১: শব্দ সংক্ষেপ (Acronyms)..........১১

সংযোজনী-২ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি..........১২

সংযোজনী-৩ কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ সংস্থার উপর নির্ভরশীলতা..........১৩

## কৃষি বিপণন অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of Department of Agricultural Marketing)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা
### সাম্প্রতিক বছরসমূহের (০৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

কৃষক গ্রুপ গঠন, কৃষক প্রশিক্ষণ, বাজার তথ্য প্রচার, বাজার অবকাঠামো ও কৃষিপণ্যের মূল্য সংযোজন সুবিধা সৃষ্টি, ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে কৃষিপণ্যের সুষ্ঠু বিপণন ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে কৃষি বিপণন অধিদপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। অধিদপ্তর কর্তৃক ওয়েবসাইটের (ইন্টারনেট) মাধ্যমে বাজার তথ্য সংগ্রহ ও প্রচার কার্যক্রমের আওতায় ৬০,০০০ বাজার মূল্য ও ১২০০০ বুলেটিন প্রকাশ করা হয়েছে। এছাড়া গুরুত্বপূর্ণ কৃষিপণ্যের বাজার দর পর্যালোচনাপূর্বক বাজার মনিটরিং ও বাজার দরের হ্রাস-বৃদ্ধির কারণ চিহ্নিতকরণ বিষয়ক ১২০০ প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। কৃষকদের ন্যায্য মূল্য প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে ইতোপূর্বে নির্মিত ২১টি পাইকারী বাজার, ৬০টি গ্রোয়ার্স মার্কেট এবং ঢাকার গাবতলীতে আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত সেন্ট্রাল মার্কেট এর আওতায় ১টি ট্রাক, ৭টি কুল ভ্যান ও ১১টি কুল চেম্বারের মাধ্যমে প্রয়োজনীয় বিপণন সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। কৃষিপণ্য বাজারজাতকরণ ও মূল্য সংযোজনের লক্ষ্যে ০৫টি অফিস কাম প্রসেসিং এ্যান্ড ট্রেনিং সেন্টার এবং নির্বাচিত জেলাসমূহে ১২টি এ্যাসেম্বল সেন্টার নির্মাণ করা হয়েছে। ইতোমধ্যে ১,৪৬৬টি ফার্মাস মার্কেটিং গ্রুপ গঠন, ২,২২০ জনকে মোটিভেশনাল ট্যুর প্রদান এবং সর্বমোট ২৩,৬৪৩ জন কৃষককে প্রশিক্ষন প্রদান করা হয়েছে। শস্য গুদাম ঋণ কার্যক্রমের অধীনে ৩২টি জেলায় ৭৯টি উপজেলায় বিদ্যমান ১১৫টি গুদামের মাধ্যমে ১৫,৮২৩ জন কৃষকের ১৮,৬৫৫ মেট্রিক টন শস্য সংরক্ষণ এর বিপরীতে মোট ২,৯৪২.৩৪ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। কৃষি ব্যবসা উন্নয়নের লক্ষ্যে ৩৩,৪৩২ জন উদ্যোক্তার মাঝে ২৫৮.৮৯ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

উপযুক্ত জনবলের অভাবে বিপণন সংশ্লিষ্ট অগ্র ও পশ্চাদ সংযোগ, মূল্য সংযোজন, সাপ্লাই চেইনসহ দল ও চুক্তি ভিত্তিক বিপণন যোগসূত্র স্থাপন কার্যক্রম ব্যাহত হচ্ছে। পর্যাপ্ত সংখ্যক জনবল না থাকায় মাঠ পর্যায়ের অফিসগুলো দ্বারা ব্যাপক আকারের কৃষক গোষ্ঠীকে কাঙ্খিত বিপণন সেবা প্রদান করা সম্ভবপর হচ্ছে না। আধুনিক ও যুগোপযোগী বিপণন সেবা নিশচত করার জন্য প্রয়োজনীয় লজিস্টিকস্ যেমন: নিজস্ব অফিস ভবন, প্রশিক্ষন কেন্দ্র, যানবাহন ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জামাদি প্রয়োজন।

### ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ

কৃষি উৎপাদন বৃদ্ধির সাথে সাথে কৃষির বাণিজ্যিকীকরণ, কৃষি ব্যবসা ও কৃষি ভিত্তিক শিল্পের প্রসার এবং কৃষি পণ্য রপ্তানী বৃদ্ধি পেয়েছে। সুষ্ঠু ও আধুনিক বিপণন ব্যবস্থা অব্যাহত রাখার লক্ষ্যে কৃষিপণ্যের হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা ও উন্নয়নে ভূমিকা রাখা এবং গুরুত্বপূর্ণ হাট-বাজার ও উৎপাদন এলাকায় আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণ করা । বাজার সিন্ডিকেট তৈরির মাধ্যমে অধিক মুনাফা লাভ রোধকল্পে বাজারে কৃষি উপকরণ ও কৃষিপণ্যের মজুদ ও সরবরাহ স্থিতিশীল রাখার লক্ষ্যে পণ্যের উৎপাদন, আমদানী ও রপ্তানী বিষয়ে হালনাগাদ তথ্য-উপাত্ত সংগ্রহ এবং কৃষিপণ্যের ভ্যালু চেইন ও সাপ্লাই চেইন উন্নয়নে প্রয়োজনীয় সহায়তা সেবা প্রদান ও আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র স্থাপন। স্বল্প খরচে সংরক্ষণ সুবিধা প্রচলনের লক্ষ্যে গৃহ পর্যায়ে আলু সংরক্ষণাগার নির্মান এবং কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকরণ বিশেষ করে গৃহ এবং ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে প্রক্রিয়াজাতকরণ সুবিধা বৃদ্ধির লক্ষ্যে ঋণ সুবিধা, পণ্য ব্র্যান্ডিং, মোড়কীকরণ, সার্টিফিকেশন ইত্যাদি সুবিধা উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ। এছাড়া কৃষি বিপণন তথ্য ব্যবস্থাপনায় আইসিটির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে ই-এগ্রিকালচারাল মার্কেটিং সিস্টেম প্রচলনসহ ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপনের উদ্যোগ গ্রহণ।

### ২০১৬-১৭ অর্থবছরে কৃষি বিপণন অধিদপ্তরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- বাজার তথ্য বিষয়ে ওয়েবসাইটের মাধ্যমে ২০,০০০টি বাজার দর ও ৪,০০০টি বুলেটিন এবং ৩০০টি প্রতিবেদন প্রকাশ;
- ১,০০০ জন কৃষি ব্যবসায় উদ্যোক্তা সৃষ্টি এবং ১৬০ টি কৃষক বিপণন দল গঠন;
- বাজার নিয়ন্ত্রন আইন, ১৯৬৪ (সংশোধিত ১৯৮৫) এর যথাযথ প্রয়োগ;
- ৬৪০০ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান এবং ৮০০ জন দলভুক্ত কৃষক প্রতিনিধিকে মোটিভেশনাল ট্যুর প্রদান;
- ৪টি এ্যাসেম্বল সেন্টার নির্মাণ এবং ২০টি স্বল্প খরচে গৃহ পর্যায়ে আলু সংরক্ষাণাগার নির্মাণ।

# উপক্রমণিকা (Preamble)

সরকারী দপ্তর/ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

এবং

সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৬ সালের জুন মাসের ...... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন -১:

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

### ১.১ রূপকল্প (Vision):

উৎপাদক, বিক্রেতা ও ভোক্তা সহায়ক কৃষি বিপণন ও কৃষি ব্যবসা উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission) :

আধুনিক সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণ এবং কৃষিপণ্যের বিপণন ও সরবরাহ ব্যবস্থায় সহায়তা প্রদানের মাধ্যমে কৃষিপণ্যের চাহিদা ও যোগান নিরূপন, মজুদ ও মূল্য পরিস্থিতি বিশ্লেষণ ও অত্যাবশ্যকীয় কৃষিপণ্যের মূল্য ধারার আগাম প্রক্ষেপণ এবং এ বিষয়ক তথ্য ব্যবস্থাপনা ও প্রচার।

### ১.৩. কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective):

কৃষিপণ্যের সরবরাহ, প্রক্রিয়াজাতকরণ ও দক্ষ বিপণনে সহায়তা করা।

### ১.৪ কার্যাবলী (Functions):

১) কৃষিপণ্যের বাজার তথ্য, গবেষণা, মার্কেট রেগুলেশন ও বাজার সম্প্রসারণ।

২) বিপণন ব্যবস্থাপনার উন্নয়ন ও কৃষকদের উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য প্রাপ্তিতে সহায়তা ও ভোক্তাসেবা প্রদানের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন।

৩) গুরুত্বপূর্ণ কৃষিপণ্যের বাজার দর পর্যালোচনা ও পূর্বাভাস প্রদান এবং প্রধান প্রধান ফসলের সরকার কর্তৃক ন্যূনতম সংগ্রহ মূল্য নির্ধারণে সহায়তা প্রদান।

৪) কৃষিপণ্যের বাজার মনিটরিং ও বাজার দরের হ্রাস-বৃদ্ধির কারণ চিহ্নিতরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৫) আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণের মাধ্যমে দক্ষ বিপণন ব্যবস্থা গড়ে তোলা।

৬) ব্যবসায়ী ও পরিবহন সংস্থার সহায়তায় উৎপাদন এলাকা হতে ঘাটতি এলাকায় দ্রুত পণ্য সরবরাহের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।

৭) "কৃষিপণ্য মূল্য উপদেষ্টা কমিটি" এর মাধ্যমে কৃষিপণ্যের নূন্যতমমূল্য নির্ধারণে সরকারকে সহায়তা প্রদান।

৮) বাণিজ্যিক ভিত্তিতে কৃষিপণ্য উৎপাদন, বিপণন, ভ্যালু চেইন উন্নয়ন এবং কৃষি ভিত্তিক শিল্প স্থাপনে উদ্যোক্তাগণকে উদ্বুদ্ধ করা।

## সেকশন ২

### কৃষি বিপণন অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance indicators) | একক | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৬-১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র [Source of data] |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | | |
| বাজার তথ্যের সহজ প্রাপ্যতা | ওয়েব সাইটে বাজার মূল্য প্রকাশ | সংখ্যা | ২০০০০ | ২০০০০ | ২০০০০ | ২২০০০ | ২৪০০০ | বিটিসিএল | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| কৃষকের সক্ষমতা বৃদ্ধি | প্রশিক্ষিত কৃষক | সংখ্যা | ১০০০০ | ২৪৪০ | ৬৪০০ | ৭০০০ | ৭২০০ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | গঠিত কৃষক বিপণন দল | সংখ্যা | ৮৯৭ | ১০০ | ১৬০ | ২০০ | ২৫০ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| ক্ষুদ্র ও মাঝারী কৃষি ব্যবসা সম্প্রসারণ | কৃষি ব্যবসা উদ্যোক্তা সৃষ্টি | সংখ্যা | ১০০০ | ১০০০ | ১০০০ | ১১০০ | ১২০০ | সংশ্লিষ্ট এনজিও (আশা, ব্র্যাক, টিএমএস) ও ব্যাংক (বেসিক ব্যাংক ও ইবিএল) | এনজিও কর্তৃক প্রণীত ত্রৈমাসিক প্রতিবেদন |
| কৃষকের বাজার সংযোগ বৃদ্ধি | নির্মিত এসেম্বল সেন্টার | সংখ্যা | ২ | ৪ | ৪ | ৫ | ৬ | এলজিইডি | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

সেকশন-৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়ামান (Target/Criteria Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮ | প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬* | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্য সমূহ | | | | | | | | | | | | | | |
| ১। কৃষিপণ্যের সরবরাহ, প্রক্রিয়াজাতকরণ ও দক্ষ বিপণনে সহায়তা করা | ৮০ | ১.১ কৃষি বিপণন ও উন্নয়ন বিষয়ে প্রচারণা ও তথ্য সংরক্ষণ | ১.১.১. ওয়েব সাইটে বাজার মূল্য প্রকাশ | সংখ্যা | ১০ | ২০০০০ | ২০০০০ | ২০০০০ | ১৯৫০০ | ১৯০০০ | ১৮৫০০ | ১৮০০০ | ২২০০০ | ২৪০০০ |
| | | | ১.১.২ প্রকাশিত বুলেটিন | সংখ্যা | ১০ | ৪০০০ | ৪০০০ | ৪০০০ | ৩৭০০ | ৩৫০০ | ৩২০০ | ৩০০০ | ৪২০০ | ৪৪০০ |
| | | | ১.১.৩ প্রকাশিত প্রতিবেদন | সংখ্যা | ১০ | ৩০০ | ৩০০ | ৩০০ | ২৭৫ | ২৫০ | ২২৫ | ২০০ | ৩৫০ | ৩৫০ |
| | | ১.২ বাজার উন্নয়নে প্রশিক্ষণ ও অন্যান্য সহায়তা প্রদান | ১.২.১ প্রশিক্ষিত কৃষক [৩] | সংখ্যা | ১০ | ১০০০০ | ২৪৪০ | ৬৪০০ | ৫৭৪০ | ৫১২০ | ৪৪৮০ | ৩৮৪০ | ৭০০০ | ৭২০০ |
| | | | ১.২.২ বাজার কারবারীদের নিকট হতে লাইসেন্স ফি বাবদ আদায়কৃত রাজস্ব [১] | কোটি টাকা | ৩ | ১.৩৭ | ১.২৫ | ১.৩০ | ১.২৫ | ১.২০ | ১.১৫ | ১.১০ | ১.৩৫ | ১.৪০ |
| | | | ১.২.৩ নির্মিত এসেম্বল সেন্টার | সংখ্যা | ১০ | ২ | ৪ | ৪ | ৩ | ২ | - | - | ৫ | ৬ |
| | | | ১.২.৪ গৃহ পর্যায়ে নির্মিত আলু সংরক্ষানাগার [২] | সংখ্যা | ৪ | ০ | ১০ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ২৫ | ৩০ |
| | | | ১.২.৫ গঠিত কৃষক বিপণন দল [৩] | সংখ্যা | ১০ | ৮৯৭ | ১০০ | ১৬০ | ১৪৪ | ১২৮ | ১১২ | ৯৬ | ২০০ | ২৫০ |
| | | | ১.২.৬ আয়োজিত মোটিভেশনাল ট্যুর | সংখ্যা (জন) | ১০ | ৯০০ | ৩৬০ | ৮০০ | ৭৫০ | ৭০০ | ৬৫০ | ৬০০ | ৯০০ | ১০০০ |
| | | ১.৩ কৃষি উদ্যোক্তাদের প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদান এবং এগ্রোপ্রসেসিং ও কৃষি ব্যবসায় বিনিয়োগ উৎসাহিত করা | ১.৩.১ কৃষি ব্যবসায় উদ্যোক্তা সৃষ্টি | সংখ্যা (জন) | ৩ | ১০০০ | ১০০০ | ১০০০ | ৯৫০ | ৯০০ | ৮৫০ | ৮০০ | ১১০০ | ১২০০ |

***সাময়িক**

[১] শগঋপ কার্যক্রম হ্রাস পাওয়ায় "জমাকৃত ফসলের উপর প্রদানকৃত ঋণ" শীর্ষক সূচকটি বাদ দেয়া হয়েছে তার পরিবর্তে "বাজার কারবারীদের নিকট হতে লাইসেন্স ফি বাবদ আদায়কৃত রাজস্ব" অর্ন্তভূক্ত করা হয়েছে।

[২] অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পের অধীনে শস্য গুদাম মেরামত সংক্রান্ত কার্যক্রম অবশিষ্ট না থাকায় 'শস্য গুদাম মেরামত" শীর্ষক সূচকটি বাদ দেয়া হয়েছে এবং তার পরিবর্তে নতুন অনুমোদিত কর্মসূচীর আওতাধীন গৃহ পর্যায়ে আলু সংরক্ষানাগার নির্মাণ কার্যক্রম অন্তর্ভূক্ত করা হয়েছে।

[৩] অধিদপ্তরের আওতায় ২০১৪-১৫ অর্থ বছরে ০১টি প্রকল্প সমাপ্ত হওয়ায় এবং উক্ত বছরে নুতন কোন প্রকল্প শুরু না হওয়ায় ২০১৫-১৬ অর্থ বছরে কৃষক প্রশিক্ষণ ও কৃষক দল গঠনের সংখ্যা হ্রাস পেয়েছে।

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান ২০১৬-১৭ (Target Value -2015-16) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৬ | ২০১৬-১৭ অর্থ বছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিল | তারিখ | ১ | ১৯ মে | ২২ মে | ২৪ মে | ২৫ মে | ২৬ মে |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্দিষ্ট সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ২৬-৩০ জুন | ২৬-৩০ জুন | ২৬-৩০ জুন | ২৬-৩০ জুন | ২৬-৩০ জুন |
| | | ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৪ জুলাই | ১৪ জুলাই | ১৭ জুলাই | ১৮ জুলাই | ২০ জুলাই |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২২ জানুয়ারী | ২৩ জানুয়ারী | ২৪ জানুয়ারী | ২৫ জানুয়ারী | ২৬ জানুয়ারী |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংগে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | বৈদেশিক প্রশিক্ষনে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১ | ৩ | ২ | ১ | - | - |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়[1] | জনঘণ্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৬-১৭ অর্থ বছরের শুদ্ধাচার বাস্তবায়নে কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পারবীক্ষণ কাঠামো প্রনীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | প্রতি মাসের ১ম সপ্তাহ | প্রতি মাসের ২য় সপ্তাহ | প্রতি মাসের ৩য় সপ্তাহ | - | - |
| | | দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | দপ্তর/সংস্থায় বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | দপ্তর/ সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১ | ২৮ ফেব্রুয়ারী | ৩০ মার্চ | ৩০ এপ্রিল | ৩১ মে | ২৯ জুন |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মন্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মন্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

[1] ৬০ ঘণ্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সুচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান ২০১৬-১৭ (Target Value -2015-16) | | | | |
| | | | | | | অসাধারণ ( Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান ( Fair ) | চলতিমানের নিম্নে ( Poor ) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | - |
| | | | দপ্তর/সংস্থার কমপক্ষে ০৩টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | - |
| কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | অফিস ভবন ও আঙ্গিনা পরিছন্ন রাখা | নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিছন্ন | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | - | - |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শণার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগারএর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শণার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষনের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষনের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | - | - |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

আমি, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী কৃষি মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, কৃষি মন্ত্রণালয়ের এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, কৃষি মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসেবে মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর

তারিখ ১৪.০৬.২০১৬.

সচিব
কৃষি মন্ত্রণালয়

তারিখ ১৪.০৬.২০১৬

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এআইসিসি | এগ্রিকালচার ইনফরমেশন এন্ড কমিউনিকেশন সেন্টার |
| ২ | এআইএস | এগ্রিকালচার ইনফরমেশন সার্ভিস |
| ৩ | বিএডিসি | বাংলাদেশ এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট কর্পোরেশন |
| ৪ | বিএআরসি | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল |
| ৫ | বিএআরআই | বাংলাদেশ এগ্রিকালচার রিসার্চ ইনস্টিটিউট |
| ৭ | বিসিআইসি | বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন |
| ৮ | ডিএই | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল এক্সটেনশন |
| ৯ | ডিএএম | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল মার্কেটিং |
| ১০ | ইবিএল | ইস্টার্ন ব্যাংক লিমিটেড |
| ১১ | এফএমজি | ফার্মার্স মার্কেটিং গ্রুপ |
| ১২ | এলজিইডি | লোকাল গর্ভমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| ক্র: নং | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট/প্রকল্প | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | [১.১.১] ওয়েব সাইটে বাজার মূল্য প্রকাশ | কেন্দ্রীয়, বিভাগীয় ও জেলা পর্যায় থেকে বিভিন্ন কৃষিপণ্যের বাজারদর সংগ্রহ করে দৈনিক, সাপ্তাহিক ও মাসিক বাজারদর কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট। | |
| ২। | [১.১.২] প্রকাশিত বুলেটিন | কৃষি পণ্যের বাজার মূল্য, ফসল সংগ্রহোত্তর সংরক্ষণ, বিপণন ইত্যাদি তথ্য সম্বলিত কৃষি বিপণন বুলেটিন প্রকাশ করা হয়। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | প্রকাশিত বুলেটিন। | |
| ৩। | [১.১.৩] প্রকাশিত প্রতিবেদন | কৃষি বিপণন সম্পর্কিত বিভিন্ন প্রতিবেদন প্রকাশ করা হয়। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন। | |
| ৪। | [১.২.১] প্রশিক্ষিত কৃষক | কৃষি বিপণন দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন। | |
| ৫। | [১.২.২] বাজার কারবারীদের নিকট হতে লাইসেন্স ফি বাবদ আদায়কৃত রাজস্ব | ইস্যুকৃত নুতন লাইসেন্স ও নবায়নকৃত চলমান লাইসেন্সের ফি বাবদ আদায়কৃত নন-ট্যাক্স রাজস্ব সরকারী কোষাগারে জমাদান। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| ৬। | [১.২.৩] নির্মিত এসেম্বল সেন্টার | কৃষকদের সহজ বাজার প্রবেশাধিকারের সুযোগ সৃষ্টির লক্ষ্যে বাজার অবকাঠামো সুবিধা যথা: এসেম্বল সেন্টার নির্মান করা। | সংশ্লিষ্ট প্রকল্প অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | নির্মিত এসেম্বল সেন্টারের সংখ্যা এবং প্রকল্প কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | |
| ৭। | [১.২.৪] গৃহ পর্যায়ে নির্মিত আলু সংরক্ষণাগার | কৃষকদের সংরক্ষন সুবিধা সৃষ্টির লক্ষ্যে গৃহ পর্যায়ে নির্মাণকৃত আলু সংরক্ষণাগার নির্মান করা। | সংশ্লিষ্ট কর্মসূচী অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | নির্মিত আলু সংরক্ষণাগারের সংখ্যা এবং কর্মসূচী কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | |
| ৮। | [১.২.৫] গঠিত কৃষক বিপণন দল | দলগতভাবে বিপণন কার্যক্রম চালানোর জন্য নির্দিষ্ট সংখ্যক কৃষকদের নিয়ে দল গঠন করা। | সংশ্লিষ্ট প্রকল্প অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | গঠিত কৃষক বিপণন দলের সংখ্যা এবং প্রকল্প কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | |
| ৯। | [১.২.৬] আয়োজিত মোটিভেশনাল ট্যুর | সচেতনতা সৃষ্টির লক্ষ্যে কৃষকদের দলবদ্ধভাবে গুরুত্বপূর্ণ কৃষি বিপণন কার্যক্রম সরেজমিন পরিদর্শনের ব্যবস্থা করানো হয়। | সংশ্লিষ্ট প্রকল্প অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | মোটিভেশনাল ট্যুর প্রাপ্ত কৃষকের সংখ্যা এবং প্রকল্প কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | |
| ১০। | [১.৩.১] সহায়তাপ্রাপ্ত কৃষি ব্যবসার উদ্যোক্তা | কৃষি ব্যবসার উদ্যোক্তা সৃষ্টির জন্য বিভিন্ন তথ্য সরবরাহ করে এবং ঋণ সুবিধা গ্রহণে সাহায্য করে কৃষি ব্যবসায় উদ্যোক্তা সৃষ্টিতে সহায়তা করা হয়। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |

**সংযোজনী ৩ :**অন্যান্য প্রতিষ্ঠানের/ .....................বিভাগের/ নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরন | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয় বিভাগের/ প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| (প্রযোজ্য নহে) | | | | | | |